

# আপনার কি সাহায্য প্রয়োজন?

অফিস অব দ্য ইমিগ্রেশন ডিটেনশন ওম্বুডসম্যান (OIDO) হলো একটি স্বাধীন এবং নিরপেক্ষ অফিস-ICE এবং CBP-এর থেকে আলাদা-যেটি মার্কিন যুক্তরাষ্ট্রে ইমিগ্রেশন কাস্টডি ও ডিটেনশনে থাকা সব ব্যক্তির জন্য মানবিক আচরণ ও নিরাপদ বসবাসের পরিবেশ নিশ্চিত করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ।

অপব্যবহার, অপরিষ্পন্ন খাবার বা মেডিকেল ট্রিটমেন্ট, খারাপ বা অসুরক্ষিত বসবাসের পরিবেশের মতো সমস্যার ব্যাপারে আপনি নিজের ফেসিলিটিতে OIDO কেস ম্যানেজারের কাছে অভিযোগ জানাতে পারেন।



শারীরিক, মানসিক বা আবেগ সংক্রান্ত  
অত্যাচার



অপরিষ্পন্ন খাবার বা মেডিকেল ট্রিটমেন্ট



খারাপ বা অসুরক্ষিত বসবাসের  
পরিবেশ

OIDO-এ দাখিল করা অভিযোগগুলো গোপন রাখা হয় এবং কেস ম্যানেজাররা আপনার অনুমতি ছাড়া, আপনার কেসের ব্যাপারে কোনো তথ্য প্রকাশ করবেন না। OIDO কেস ম্যানেজারের সাথে কথা বললে অথবা কোনো অভিযোগ দাখিল করলে তা আপনার ইমিগ্রেশন কেস বা ডিটেনশন স্ট্যাটাসের ওপর প্রভাব ফেলবে না।

OIDO কেস ম্যানেজাররা অভিজ্ঞ এবং প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার, যারা ইমিগ্রেশন সংক্রান্ত সমস্যা ও ফেসিলিটির ব্যাপারে ওয়াকিবহাল এবং আপনাকে সাহায্য করার জন্য প্রস্তুত।

অভিযোগ দাখিল করার জন্য,  
আপনার ফেসিলিটিতে OIDO কেস  
ম্যানেজারের সাথে কথা বলুন। আপনি  
যদি কোনো কাস্টডি বা ডিটেনশনে  
থাকেন এবং ট্যাবলেটে অ্যাক্সেস থাকে, তাহলে “অনুরোধ”  
বিভাগে, “OIDO” ট্যাবের নিচে, অ্যাপয়েন্টমেন্টের জন্য  
সাইন আপ করুন। আপনার পরিবার, আইনী প্রতিনিধি অথবা  
অন্যান্য অ্যাডভোকেট [dhs.gov/OIDO](https://www.dhs.gov/OIDO)-এ আপনার  
জন্যও দাখিল করতে পারেন।

